

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৪৫৯

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি রাতে সাহারীর আযান শুনবে তার প্রতি নির্দেশ হলো সাহারী খাওয়া

ذَكَرُ الْأَمْرِ بِأَكْلِ السَّحُورِ لِمَنْ يَسْمَعُ الْأَذَانَ لِلصُّبْحِ بِاللَّيْلِ

আরবী

3459 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيٍّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا سُلَيْمَانُ التَّيْمِيُّ عَنْ أَبِي عَثْمَانَ عَنْ ابْنِ مَسْعُودٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا يَمْنَعَنَّ أَحَدًا مِنْكُمْ أَذَانُ بِلَالٍ - أَوْ قَالَ: نِدَاءُ بِلَالٍ - مِنْ سَحُورِهِ فَإِنَّهُ يُؤَدِّنُ - أَوْ قَالَ: يُنَادِي - بِلِيلٍ لِيَرْجِعَ قَائِمَكُمْ وَيُوقِظَ نَائِمَكُمْ) وَقَالَ: (لَيْسَ الْفَجْرُ أَنْ يَقُولَ هَكَذَا وَهَكَذَا) وَضَرَبَ يَدَهُ وَرَفَعَهَا ، (حَتَّى يَقُولَ: هَكَذَا) وَفَرَجَ بَيْنَ أَصَابِعِهِ.

الراوي : ابْنُ مَسْعُودٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3459 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (2032): ق.

বাংলা

৩৪৫৯. আব্দুল্লাহ বিন মাসউদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তোমাদের কাউকে যেন বিলাল রাদিয়াল্লাহু আনহুর আযান-অথবা (রাবীর সন্দেহ তিনি বলেছেন) বিলাল রাদিয়াল্লাহু আনহুর আহবান- তোমাদেরকে সাহারী খাওয়া থেকে বিরত না রাখে। কেননা নিশ্চয়ই সে রাতে আযান প্রদান-অথবা (রাবীর সন্দেহ তিনি বলেছেন) আহবান- করেন, যাতে কিয়ামকারীকে (সাহারী খাওয়ার জন্য) ফিরিয়ে দিতে পারে আর ঘুমন্ত ব্যক্তিকে জাগ্রত করতে পারে।” তিনি আরো বলেছেন, “এরকম হলে সেটা ফজর নয়।” রাবী বলেন, “এটা বলে তিনি তাঁর হাতকে নিচে নামান এবং উপরে উঠান।” তারপর তিনি বলেন, “ফজর হয় না, যতক্ষণ না এরকম হয়।” এই বলে তিনি তাঁর আঙ্গুলগুলোকে ফাঁকা করেন।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১০৯৩; মুসনাদ আহমাদ: ১/৩৯২; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৯; সহীহুল বুখারী: ৬২১; আবু দাউদ: ২৩৪৭; নাসাঈ: ২/১১; সহীহ ইবনু খুযাইমাহ: ৪০২; ইবনুল জারুদ: ৩৮২; সুনান বাইহাকী: ৪/২১৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ২/৯২)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92793>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন